

গণপ্রজাতন্ত্রীবাংলাদেশসরকার
 স্বাস্থ্য ও পরিবারকল্যাণমন্ত্রণালয়
 স্বাস্থ্যসেবাবিভাগ
 স্বাস্থ্যঅর্থনীতিইউনিট
 আনসারীভবন (৪র্থ তলা), ১৪/২ তোপখানারোড, ঢাকা-১০০০।

বিষয়ঃ স্বাস্থ্য অর্থনীতি ইউনিটের ২০২০-২০২১ অর্থবছরের উন্নাবন সংক্রান্ত ৬ষ্ঠ সভার কার্যবিবরণী

সভাপতিঃ ড. মোঃ শাহদুর হোসেন মাহমুদ, মহাপরিচালক, স্বাস্থ্য অর্থনীতি ইউনিট

তারিখঃ ১৪/০৬/২০২১ খ্রিঃ

সময়ঃ দুপুর ১২:৩০ টা

স্থানঃ সম্মেলন কক্ষ (কক্ষ নং-৪০৭, আনসারী ভবন, ৪র্থ তলা, ১৪/২ তোপখানা রোড, ঢাকা)।

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করার অনুমতি প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে ইনোভেশন টিমের সদস্য সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব ফাতেমা জোহরা পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন।

কোন সংশোধনী প্রস্তাবনা থাকায় সর্বসম্মতিক্রমে কার্যবিবরণীটি দৃঢ়িকরণ করা হয়। নির্ধারিত বিষয়াবলীর বিভাগিত আলোচনার পর সভায় সর্বসম্মতিক্রমে নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
১।	ওয়েবসাইট উন্নয়ন	জনাব মোঃ আখতারুজ্জামান, প্রোগ্রাম ম্যানেজার (যুগ্মসচিব) ওয়েবসাইট উন্নয়নবিষয়ে প্রশিক্ষণ/কর্মশালার গুরুত্ব তুলে ধরেন এবং, জনাব এ ওয়াই এম জিয়াউদ্দিন আল মামুন পরিচালক (প্রসাশন) বলেন, বিষয়টি যেহেতু টেকনিক্যাল, কাজেই এটি অনলাইনে তেমন ফলপ্রসূ হবেনা। কোভিড পরিস্থিতির উন্নতি হলে প্রশিক্ষণটি ইন-পার্সন আয়োজন করার ব্যাপারে তিনি মত দেন। ড. মোঃ নুরুল আমিন পরিচালক (গবেষণা), a2i এর রিসোর্স পার্সন এনে প্রশিক্ষণটি সম্পন্ন করার জন্য প্রার্থনা দেন।	ওয়েবসাইট উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ/কর্মশালার আয়োজন করতে হবে।	ড. মোঃ নুরুল আমিন পরিচালক (গবেষণা) ও মাজহারুল ইসলাম উপপরিচালক-৩
২।	উন্নাবন কর্মকর্তাদের দেশী শিক্ষাসফর/ নলেজ শেয়ারিং এ প্রেরণ	গত ০১ থেকে ০৩ তারিখ পর্যন্ত সিলেটে নলেজ শেয়ারিং প্রোগ্রামটি আয়োজন করা হয়েছে।	নলেজ শেয়ারিং প্রোগ্রামটি আয়োজন সম্পন্ন হয়েছে। এ বিষয়ে অন্তিবিলম্বে একটা প্রতিবেদন দাখিল করতে হবে।	উপপরিচালক-১
৩।	নৃ্যাতম ১টি ডিজিটাল সেবা তৈরী ও বাস্তবায়ন করা	টাঙ্গাইলের ঘাটাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসাসেবা কার্যক্রম অটোমেশনের আওতায় আনার প্রক্রিয়াটি বাস্তবায়িত হয়েছে এবং ক্রমশ উন্নয়নের কাজ চলমান আছে।	টাঙ্গাইলের ঘাটাইল উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে Hospital Automation এর কাজটি বাস্তবায়িত হয়েছে।	
৪।	সেবা সহজীকরণে ই-নথি ব্যবহার	ওয়েব সাইট সংস্কারের কাজ চলমান ছিলো বিধায় ই-ফাইলিং কার্যক্রম এর গতি শুরু হয়ে পরে ছিলো। বর্তমানে ওয়েবসাইট সংস্কারের কাজ সম্পন্ন হয়েছে, কাজেই আবার পুরোদমেই-ফাইলিং চালু করা সম্ভব। নতুন কর্মকর্তাদেরকে অনুমোদন দিয়ে এবং ই-ফাইলে প্রবেশাধিকার দিয়ে পুনরায় ই-ফাইলিং চালু করার জন্য পরিচালক	সকল কাজে ই-নথি ব্যবহার করতে হবে। কমপক্ষে ৫০% ফাইল যাতে ই-নথিতে সম্পন্ন করতে হবে।	সকল কর্মকর্তা ও মেহেদি হাসান সিস্টেমস এনালিস্ট

		(গবেষণা) সিস্টেম এনালিস্টকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করেন ও ই-ফাইলিং বাস্তবায়নের বিষয়ে প্রশাসনিক কর্মকর্তার উদ্যোগের প্রশংসা করেন। ৫০% ফাইল যাতে ই-ফাইলিং এ সম্পন্ন হয় সে ব্যাপারে পরিচালক (প্রশাসন) নির্দেশনা প্রদান করেন।		
৫।	চলমান প্রকল্প সমূহ পরিদর্শন	চলমান পাইলট প্রকল্পসমূহ সরেজমিন পরিদর্শন করতে হবে ও প্রয়োজনীয় ক্ষেত্রে সহায়তা প্রদান করতে হবে। মে মাসের ৪ৰ্থ সপ্তাহে একটি ও জুন মাসের ২য় সপ্তাহে সম্পন্ন দুইটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন।	বর্তমান অর্থবছরের মে মাসের ৪ৰ্থ সপ্তাহে একটি ও জুন মাসের ২য় সপ্তাহে সম্পন্ন দুইটি পরিদর্শন প্রতিবেদন দাখিল করেছেন।	
৬।	সক্ষমতাবৃদ্ধি	উন্নাবন ও সেবা সহজিকরণ বিষয়ে একদিনের কর্মশালাটি সম্পন্ন হয়েছে। সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুইদিনের প্রশিক্ষণটি অনলাইনে সম্পন্ন হয়েছে।	সকল প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। অনতিবিলম্বে প্রতিবেদন দাখিল করতে হবে।	উপপরিচালক-১
৭।	উন্নাবকগণকে স্বীকৃতি বা প্রগোদনা প্রদান	উন্নাবন প্রকল্পের সাথে জড়িত উন্নাবকগণকে সার্টিফিকেট ও ক্রেস্টপ্রদানের মাধ্যমে পুরস্কৃত করা প্রয়োজন।	সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদানের নিমিত্ত উন্নাবন প্রকল্পের সাথে জড়িত উন্নাবকগণকে মনোনীত করা হয়েছে। অনতিবিলম্বে স্বীকৃতি বা প্রগোদনা স্বরূপ সার্টিফিকেট ও ক্রেস্ট প্রদানের মাধ্যমে পুরস্কৃত করা হবে।	মহাপরিচালক
৮।	ডকুমেন্টেশন ও প্রকাশনা তৈরি	বাস্তবায়িত উন্নাবনী প্রকল্পের এবং সেবা সহজীকরণের ডকুমেন্টেশন তৈরি ও প্রকাশ করতে হবে। এ বিষয়ে সভাপতি ভিডিও ডকুমেন্টেশন ইতোমধ্যে তৈরী হয়েছে বলে সভাকে জানান।	প্রস্তুতকৃত ভিডিও ডকুমেন্টেশনের কপি ইনোভেশনটিমের সদস্য সচিবের নিকট জমা দিতে হবে।	ড. মো: নুরুল আমিন পরিচালক (গবেষণা) ও মেহেদি হাসান সিস্টেমস এনালিস্ট

আর কোন আলোচ্য সূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড. মো: শাহাদৎ হোসেন মাহমুদ)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ও
সভাপতি